গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পলাশবাড়ী, গাইবান্ধা
www.palashbari.gaibandha.gov.bd



স্মারক নম্বর: ০৫.৫৫.৩২৬৭.০০০.৯৯.০০০৪.২৬. ১২২২

তারিখ: ০১ কার্তিক ১৪৩৩ / ১৭ অক্টোবর ২০২৬

নতুন কুঁড়ি স্পোর্টস উপজেলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : আমিনুল ইসলাম বুলবুল
উপজেলা নির্বাহী অফিসার, পলাশবাড়ী, গাইবান্ধা
তারিখ ও সময় : ১৭ অক্টোবর ২০২৬, শনিবার, দুপুর ১২:০০ টা
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, পলাশবাড়ী, গাইবান্ধা

সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়।

কমিটির সদস্য সচিব ও উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় নতুন কুড়ি স্পোর্টস ২০২৬-২৭ (সিজন-২) এর বাস্তবায়ন রূপরেখা তুলে ধরেন এবং আগামী ৫ নভেম্বর ২০২৬, বৃহস্পতিবার বিকাল ৩:০০ ঘটিকায় খুলনা জেলা স্টেডিয়ামে অনুষ্ঠেয় উদ্বোধনী অনুষ্ঠানের সাথে সংগতি রেখে উপজেলায় প্রোগ্রাম এবং একটি ম্যাচ অনুষ্ঠানের আহ্বান জানান এবং উন্মুক্ত আলোচনার ভিত্তিতে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:-

ক. বরিশাল, পবনাপুর, মনোহরপুর এবং হোসেনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বিনা ব্যর্থতায় ২৬ অক্টোবর ২০২৬ তারিখ বিকাল ৪ ঘটিকার মধ্যে পূর্ণাঙ্গ ইউনিয়ন কমিটি গঠনপূর্বক উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করবেন।

খ. প্রত্যেক ইউনিয়নের চেয়ারম্যান নিবন্ধিত সকল খেলোয়ারদের উপস্থিতিতে নিম্নলিখিত তারিখে ইউনিয়নের দল গঠনপূর্বক তালিকা তার পরবর্তী কার্যদিবসেই উপজেলা কমিটির সভাপতি বরাবর প্রেরণ করবেন:-

ক্রম	ইউনিয়ন	দলগঠনের তারিখ ও বার
১	মহদীপুর	২৭ অক্টোবর ২০২৬, মঙ্গলবার
২	বেতকাপা	২৭ অক্টোবর ২০২৬, মঙ্গলবার
৩	পলাশবাড়ী পৌরসভা	২৮ অক্টোবর ২০২৬, বুধবার
৪	কিশোরগাড়ী	২৯ অক্টোবর ২০২৬, বৃহস্পতিবার
৫	হোসেনপুর	২৯ অক্টোবর ২০২৬, বৃহস্পতিবার
৬	বরিশাল	১ নভেম্বর ২০২৬, রবিবার
৭	পবনাপুর	১ নভেম্বর ২০২৬, রবিবার
৮	মনোহরপুর	২ নভেম্বর ২০২৬, সোমবার
৯	হরিনাথপুর	২ নভেম্বর ২০২৬, সোমবার

গ. পৌর প্রশাসক এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান আন্ত: ইউনিয়ন খেলায় সার্বিক শৃঙ্খলা ও নিরাপত্তা নিশ্চিত করবেন।

ঘ. পৌর প্রশাসক এবং ইউপি চেয়ারম্যানগণ তাদের নিজ দলের সকল খেলোয়ার ও টিম স্টাফদের লজিস্টিক সরবরাহ করবেন এবং ব্যয় বহন করবেন। তবে বরাদ্দপ্রাপ্তি সাপেক্ষে উপজেলা কমিটি তাদের সর্বাত্মক সহযোগিতা করবেন।

ঙ. মোট ৯ টি দল হওয়ার কারণে নিবন্ধনের সংখ্যা বিবেচনায় পলাশবাড়ী পৌরসভা দলকে সরাসরি ৩ দলের চূড়ান্ত লিগ স্টেজে খেলার সুযোগ দানের সিদ্ধান্ত গৃহীত হয়। অবশিষ্ট ৮ দলের মধ্যে লটারির ভিত্তিতে A এবং B গ্রুপে ৪ টি করে দল নির্ধারণ করা হয়। A গ্রুপে থাকবে পবনাপুর, হরিনাথপুর, মহদীপুর এবং বরিশাল ইউনিয়ন। অপরদিকে B গ্রুপে কিশোরগাড়ী, মনোহরপুর, বেতকাপা এবং হোসেনপুর প্রতিদ্বন্দ্বিতা করবে।

লটারির ভিত্তিতে নিম্নোক্ত নকআউট ম্যাচ অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়:-

প্রথম পর্ব
A গ্রুপ

প্রথম ম্যাচ: পবনাপুর বনাম হরিনাথপুর
দ্বিতীয় ম্যাচ: মহদীপুর বনাম বরিশাল

B গ্রুপ

প্রথম ম্যাচ: (১) কিশোরগাড়ী বনাম মনোহরপুর
দ্বিতীয় ম্যাচ: (২) বেতকাপা বনাম হোসেনপুর

দ্বিতীয় পর্ব

প্রথম ম্যাচ: A গ্রুপের ১ম ম্যাচ বিজয়ী বনাম ২য় ম্যাচ বিজয়ী
দ্বিতীয় ম্যাচ: B গ্রুপের ১ম ম্যাচ বিজয়ী বনাম ২য় ম্যাচ বিজয়ী

(চ) দ্বিতীয় পর্বের প্রথম ম্যাচ এবং দ্বিতীয় ম্যাচ বিজয়ী দল পলাশবাড়ী পৌরসভা দলের সাথে লিগ স্টেজে খেলবে। লিগ স্টেজের প্রথম এবং দ্বিতীয় স্থান অর্জনকারী দল ফাইনাল খেলায় অংশগ্রহণ করবেন। খেলার সময়সূচী পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।
(ছ) উদ্বোধনী অনুষ্ঠান শেষে প্রথম পর্বের A গ্রুপের শুধু প্রথম ম্যাচ পবনাপুর এবং হরিনাথপুরের মধ্যে অনুষ্ঠিত হবে।

(জ) উদ্বোধনী খেলার কমপক্ষে ২ দিন পূর্বেই উপজেলা কমিটি রেফারি, সহকারী রেফারি এবং অন্যান্য স্টাফ নিয়োজিত/নিয়োগ করবেন।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে এবং সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

১৭/১০/২০২৬

আমিনুল ইসলাম বুলবুল
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬-২৭
পলাশবাড়ী, গাইবান্ধা

স্মারক নম্বর: ০৫.৫৫.৩২৬৭.০০০.৯৯.০০০৪.২৬. ১২১১

তারিখ: ১ কার্তিক ১৪৩৩ / ১৭ অক্টোবর ২০২৬

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:-

১. জেলা প্রশাসক, গাইবান্ধা
২. পুলিশ সুপার, গাইবান্ধা
৩. জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা
৪. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গাইবান্ধা
৫. জেলা ক্রীড়া অফিসার, গাইবান্ধা
৬ অফিসার ইনচার্জ, পলাশবাড়ী, গাইবান্ধা
৭ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পলাশবাড়ী, গাইবান্ধা
৮ উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পলাশবাড়ী, গাইবান্ধা
৯ চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, পলাশবাড়ী, গাইবান্ধা
১০ অফিস কপি।

১৭/১০/২০২৬

মো: আমিনুল ইসলাম
উপজেলা যুব উন্নয়ন অফিসার
ও
সদস্য সচিব
নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬-২৭
পলাশবাড়ী, গাইবান্ধা